

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৮৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বক্তব্য "মুয়ায্যিন যা বলে" এর দ্বারা উদ্দেশ্য হলো আযানের কিছু বাক্য; সব বাক্য উদ্দেশ্য নয় মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (كَمَا يَقُولُ) أَرَادَ بِهِ بَعْضَ الْأَذَانِ لا الكل

আরবী

 $1685 = \frac{1}{6}$ $\frac{1}{6}$ $\frac{1}{1}$ $\frac{1}{1$

الراوي: مُحَمَّدُ بْنُ عَمْرٍو عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ | المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1685 ا خلاصة حكم المحدث: صحيح ـ ((التعليق على سنن النسائي)) (2/ 25).

বাংলা

১৬৮৫. মুহাম্মাদ বিন আমর তার পিতা থেকে, তিনি তার তার দাদা থেকে বর্ণনা করেন, তার দাদা বলেন, "আমি মু'আবিয়া রাদ্বিয়াল্লাহু আনহুর কাছে ছিলাম, অতঃপর মুয়ায্যিন বললো, "আল্লাহু আকবার আল্লাহু আকবার, (আল্লাহু সবচেয়ে বড়, আল্লাহু সবচেয়ে বড়।)", তখন মু'আবিয়া রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "আল্লাহু আকবার আল্লাহু আকবার, (আল্লাহু সবচেয়ে বড়, আল্লাহু সবচেয়ে বড়।), যখন মুয়ায্যিন বলে, "আশহাদু আল্-লা ইলাহা ইল্লাল্লাহ, (আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বৃদ নেই।), তখন তিনিও বলেন, "আশহাদু আল্-লা ইলাহা



ইল্লাল্লাহ, (আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বৃদ নেই)", যখন মুয়ায্যিন বলে, "আশহাদু আলা মুহাম্মাদার রাস্লুল্লাহ (আমি সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর রসূল), তখন তিনিও বলেন, "আশহাদু আলা মুহাম্মাদার রাস্লুল্লাহ (আমি সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর রসূল)", যখন মুয়ায্যিন বলে, "হাইয়া 'আলাস সালাহ, (এসো সালাতের দিকে।), তখন তিনি বলেন, "লা হাওলা ওয়ালা কুওওয়াতা ইল্লা বিল্লাহ (পাপ কাজ থেকে বিরত থাকার কোন ক্ষমতা নেই আল্লাহ ছাড়া)।"

যখন মুয়ায্যিন বলে, "হাইয়াা 'আলাল ফালাহ, (এসো সফলতার দিকে)", তখন তিনি বলেন, "লা হাওলা ওয়ালা কুওওয়াতা ইল্লা বিল্লাহ (পাপ কাজ থেকে বিরত থাকার কোন ক্ষমতা নেই আল্লাহ ছাড়া এবং ভাল কাজ করার কোন ক্ষমতা নেই আল্লাহ ছাড়া)।"

যখন মুয়ায্যিন বলে, "আল্লাহু আকবার, আল্লাহু আকবার, (আল্লাহ সবচেয়ে বড়, আল্লাহ সবচেয়ে বড়।), তিনিও বলেন, "আল্লাহু আকবার, আল্লাহু আকবার, (আল্লাহু সবচেয়ে বড়, আল্লাহু সবচেয়ে বড়)।"

যখন মুয়ায্যিন বলে, "লা ইলাহা ইল্লাল্লাহ (আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বূদ নেই)", তখন তিনিও বলেন, "লা ইলাহা ইল্লাল্লাহ (আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বূদ নেই)", তারপর তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামও এরকম বলতেন।"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৪১৬; মুসনাদ আহমাদ: ৪/৯৮; দারেমী: ১/২৭৩; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১৪৫; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/৬০; নাসাঈ: ২/২৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪২২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীক আলা সুনান আন নাসাঈ: ২/২৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মুহাম্মাদ ইবনু 'আমর (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন